৬

দৈনিক বাংলা

তারিখ ... 24 FEB 1993 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ...

## শিক্ষকের উক্তিকে কেন্দ্র করে চট্টগ্রাম ভার্সিটিতে উত্তেজনা

স্টাফ রিপোর্টার : চট্টগ্রাম, ২৩ ফেব্রুয়ারী।–চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আচরণ বিধি লংঘন করে আপত্তিকর বক্তব্য দেয়ায় একজন শিক্ষকের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে ক্ষোভের সৃষ্টি হয়েছে। আজ শাহ আমানত হলের ২০৩ জন ছাত্র এ ব্যাপারে সংশ্লিষ্ট শিক্ষকের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণের আবেদন জানিয়েছে।

উক্ত শিক্ষক সম্প্রতি একটি জোটের

(৭–এর পৃঃ ৮–এর কঃ দ্রঃ)

## ভার্সিটিতে উত্তেজনা

(প্রথম পাতার পর)

সভায় সভাপতিত্ব করেন এবং সভাপতির বক্তব্যে "চট্টগ্রাম বিশ্ববিদ্যায়ের পরিবেশ সম্পর্কে" অনাকাংক্ষিত মন্তব্য করেন।

স্মারক লিপিতে বলা হয়েছে প্রশাসনের সঙ্গে সংশ্লিষ্ট একজন শিক্ষক হিসাবে উক্ত সভায় তার উপস্থিতি এবং বিশ্ববিদ্যালয় সম্পর্কে তাঁর আপত্তিজনক বক্তব্য আচরণ বিধির সুস্পষ্ট লংঘন।

এ বক্তব্যের পর থেকে ছাত্রদের মধ্যে উত্তেজনা ও ক্ষোভের সৃষ্টি হয়েছে।

## জাহাজে আগুনে মৃতের সংখ্যা ৪

চট্টগ্রাম বন্দরে ৯ নং জেটিতে অবস্থানরত কোরীয় জাহাজ এম ভি হর্ন–এ সংঘটিত অগ্নিকান্ডে এ-পর্যন্ত মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে চারজনে। অগ্নিকান্ডে প্রথমে দুজনের মৃত্যু হয়। গত দুদিনে স্বপন ও হারুন নামে আরো দুব্যক্তি চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে মারা গেছে। গত ১৫ ফেব্রুয়ারী উক্ত জাহাজে এক অগ্নিকান্ড সংঘটিত হয়।